

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ২৩ জানুয়ারি ২০২২ তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০২টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের কাশিয়াডাঙ্গা থানায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ২৩/০১/২০২২ খ্রি: তারিখে উপ-পরিচালক জনাব অপূর্ব অধিকারী ও সহকারী পরিচালক (মেট্রো) জনাব ওসমান গনী এর নেতৃত্বে রাজশাহী মহানগরের কাশিয়াডাঙ্গা থানাধীন এলাকায় অভিযান পরিচালিত হয়। উপ-পরিচালক জনাব অপূর্ব অধিকারী কাশিয়াডাঙ্গা এলাকায় মনু স্টোর কে পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী ১,০০০/- টাকা এবং মা মনি স্টোর কে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ২,০০০/- টাকা জরিমানা করেন। অপরদিকে সহকারী পরিচালক (মেট্রো) জনাব ওসমান গনী কাশিয়াডাঙ্গা মোড় এলাকায় নিশান ফার্মেসী কে পণ্যের প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৫ অনুযায়ী ২,০০০/- টাকা এবং ডায়মন্ড কনফেকশনারী কে পণ্যের মোড়কে সর্বোচ্চ বিক্রয়মূল্য,উৎপাদনের তারিখ,মেয়াদোত্তীর্ণের তারিখ না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ৫,০০০/- টাকা জরিমানা করেন। আজকের ০২টি অভিযানে সর্বমোট ১০,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট ও মাস্ক বিতরণ করা হয় ও আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

APD

২৩-১-২০২২

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০৭২১-৭৭২৭৭৪

ফ্যাক্স: ০৭২১-৭৭৫৪০৬

ইমেইল: dd-

rajshahi@dnrcrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।

- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৩) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ৪) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৭) সহকারী পরিচালক (মেট্রো), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৮) অফিস কপি।